31

দৈনিক বাংলা

তারিখ 26 DEC 1994
পৃষ্ঠা ১ কলাম ৮

# ফেব্রুয়ারীতে ঢাকা ভার্সিটি অনার্সে ভর্তি পরীক্ষা ঃ আসন বাড়বে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ঘোষণা জানুয়ারী মাসের মাঝামাঝিতে দেওয়া হবে এবং আগামী ফেব্রুয়ারী মাসের শেষ সপ্তাহে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট একটি সূত্র জানান, এবারে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগে অনার্সের আসন বাড়ানো হবে। ভর্তি প্রক্রিয়ায় এটি থাকায় যেসব আসন প্রতি বছর খালি থেকে যায় সে বিষয়ে

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ফেব্রুয়ারীতে ঢাকা ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

এবার কর্তৃপক্ষ নজর দেবেন বলে সূত্র জানান। অনার্সের আসন বাড়ানোর কারণে প্রিলিমিনারীতে আসন কমানো হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাসের জন্য পর্যাপ্ত কক্ষ না থাকায় প্রিলিমিনারী আসন কমানো হবে বলে সূত্র উল্লেখ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিবছর অনার্স প্রথম বর্ষে বিভিন্ন বিভাগ মিলে প্রায় ৪ হাজার ছাত্রছাত্রী ভর্তি করা হয়।

এইচএসসি পরীক্ষার ফল দেরীতে প্রকাশ ও স্থগিত ফল প্রকাশে জটিলতার জন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তির সময়ও কিছুদিন পিছিয়ে দেয়া হচ্ছে বলে সূত্র জানান। উল্লেখ্য, গতবছর অনার্স প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার ফরম পূরণ করে জমা দেয়ার তারিখ ছিল ৭ জানুয়ারী এবং ২৯ ও ৩০ জানুয়ারী ও ১ ফেব্রুয়ারী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। ভর্তি প্রক্রিয়া শেষে ক্লাস শুরু হয়েছিল জুলাই-আগস্ট মাসে।